



মৎস্য বাৰ্তা

ত্রিপুরার চাষীবন্ধুদের জন্য মোবাইল ফোন ভিত্তিক কৃষি উপদেশ ব্যবস্থাপনা



মৎস্য বাৰ্তা

ত্রিপুরার চাষীবন্ধুদের জন্য মোবাইল ফোন ভিত্তিক কৃষি উপদেশ ব্যবস্থাপনা

মুখ্য উদ্দেশ্য: মোবাইল ভিত্তিক কৃষি উপদেশ পরিষেবার মাধ্যমে সঠিক সময়ে সঠিক তথ্য সরবরাহ করে মৎস্য চাষীদের ক্ষমতায়ন।

প্রকল্পের স্থান: পশ্চিম ত্রিপুরা, খোয়াই, সিপাহীজলা এবং গোমতী জেলা। উপরন্তু, ত্রিপুরার অন্যান্য জেলা থেকে আগ্রহী চাষীভাইরাও এই পরিষেবার জন্য রেজিস্টার করতে পারবেন।

রেজিস্ট্রেশন শর্তাবলী: মৎস্যচাষ, কৃষিকাজ ও পশুপালন সংক্রান্ত পরামর্শমূলক পরিষেবা পেতে আগ্রহী যেকোনও মৎস্যচাষী রেজিস্টার করতে পারবেন। তবে মোবাইল ফোন থাকা বাধ্যতামূলক।

রেজিস্ট্রেশন পদ্ধতি:

- আপনার মোবাইল ফোন থেকে এই টোল ফ্রি নম্বরে ১৮০০-১০২-৩১৪১ - এ ফোন করুন এবং আপনার ব্যক্তিগত এবং চাষবাসের সম্পূর্ণ বিবরণ প্রকল্প টিমের কাছে প্রদান করুন।
- বিশদে জানতে 'অ্যাডভাইসারি ল্যাব, কলেজ অফ ফিশারি, সি. এ. ইউ (ইশ্ফল), লেঙ্গুছড়া, ত্রিপুরা - ৭৯৯২১০' তে যোগাযোগ করুন। মোবাইল নম্বর:

অথবা

রেজিস্ট্রেশনের সুবিধা

আপনার মৎস্যচাষ, কৃষিকাজ ও পশুপালন সম্পর্কিত যেকোনো সমস্যার জন্য আমাদের বিশেষজ্ঞদের থেকে সরাসরি পরামর্শ গ্রহণ করতে পারবেন।

অ
ও

আপনি যে বিষয়ে সাবস্ক্রাইব করবেন, সেই বিষয়ের বিশেষজ্ঞদের (মৎস্য, পশুপালন, কৃষি ও উদ্যানবিদ্যা) সঙ্গে সরাসরি আপনার স্থানীয় ভাষায় নি:শুল্ক পরিষেবায় যোগাযোগ করতে পারবেন।

মোবাইল অ্যাপের মাধ্যমে আপনি মৎস্যচাষ, পশুপালন বা কৃষিকাজ সম্পর্কিত যে কোনও সমস্যার ছবি এবং ভিডিও পাঠিয়ে বিশেষজ্ঞের পরামর্শ পেতে পারেন।



বাংলা ও ককবরক ভাষায় নিয়মিত প্রয়োজনীয় উপদেশ বাৰ্তা (টেব্লট এবং ভয়েস মেসেজ) পেতে পারেন।



অন্যান্য চাষীবন্ধুদের সাথে আপনার চাষবাসের অভিজ্ঞতাগুলি ভাগ করে নিতে পারেন এবং অন্যান্য চাষীবন্ধুদের অভিজ্ঞতাও নি:শুল্ক পরিষেবায় শুনতে পারেন।



আপনি মৎস্যচাষ, পশুপালন বা কৃষিক্ষেত্রে বিভিন্ন সমস্যার চিত্র প্রেরণের বা পরিদর্শন করার জন্য আমাদের ফিল্ড কোঅর্ডিনেটরদের সহায়তা পেতে পারেন।



তথ্য সেবাসমূহ

মৎস্যচাষ

ত্রিপুরার গুরুত্বপূর্ণ মাছের পরিচর্যা, রোগ নিরাময় পদ্ধতি, হ্যাচারী পরিচর্যা, মাছের খাদ্যের ব্যবস্থাপনা, মাছ এবং মাছ উৎপাদিত দ্রব্য, পুকুর এবং জলের গুণগত পরিচর্যা/পরিচালনা, বাহারি মাছের পরিচর্যা করা ইত্যাদি সম্পর্কে জানতে পারেন।

পশুপালন

গুরুত্বপূর্ণ গৃহপালিত প্রাণী যেমন গরু, ছাগল, শুকর, হাঁস-মুরগী ইত্যাদির প্রতিপালন ও তাদের পরিচর্যা করা, টীকাদান, কুমিনাশক, রোগ নিরাময় এবং তাদের বাজারজাত করার বিষয়ে তথ্য পেতে পারেন।

কৃষি / উদ্যানবিদ্যা

ত্রিপুরার বিভিন্নপ্রকার গুরুত্বপূর্ণ ফসলের চাষ পদ্ধতি ও তাদের পরিচর্যা বিষয়ক যেকোনো তথ্য সম্পর্কে জানতে পারবেন।


অন্যান্য সুবিধা

ফসলের বীজ, চারা, কীটনাশক, জৈব সার এবং খামার সরঞ্জাম ইত্যাদির বিষয়ে তথ্য পেতে পারেন। তাছাড়াও রোগের পূর্বাভাস, আর্থিক সহায়তা কেন্দ্র (ব্যাকিং, ঋণ, শস্যবীমা ইত্যাদির সম্পর্কিত তথ্য) এবং কৃষি ও কৃষি সঞ্জাত বিষয়ক বিভিন্ন ধরনের পরিকল্পনার বিষয়ে অবগত হতে পারেন।

টোল ফ্রি নম্বর - ১৮০০-১০২-৩১৪১

অরেজিস্ট্রীকৃত চাষীবন্ধু

কিভাবে ফোন করবেন



রেজিস্ট্রীকৃত চাষীবন্ধু

কীভাবে পরামর্শ গ্রহণ করবেন

- ০১ আপনার রেজিস্ট্রীকৃত মোবাইল ফোন থেকে টোল ফ্রি নম্বর ১৮০০-১০২-৩১৪১ তে ফোন করুন।
- ০২ আপনি যে বিষয়ে বিশেষজ্ঞদের থেকে তথ্য জানতে চান সেই বিষয়ের প্রাসঙ্গিক নম্বরটি টিপুন। যেমন, আপনি যদি মৎস্যচাষ, কৃষিকাজ, উদ্যানবিদ্যা বা পশুপালন পরিষেবা সাবস্ক্রাইব করে থাকেন তাহলে,
 - মৎস্য বিশেষজ্ঞের সঙ্গে কথা বলতে ১ টিপুন।
 - প্রাণিসম্পদ ও পোল্ট্রি বিশেষজ্ঞের সাথে কথা বলতে ২ টিপুন।
 - কৃষি বিশেষজ্ঞের সাথে কথা বলার জন্য ৩ টিপুন।
- ০৩ প্রাপ্ত পরামর্শ সম্পর্কে মতামত দিন - সন্তুষ্ট হলে ১ টিপুন এবং সন্তুষ্ট না হলে ২ টিপুন।

অন্যান্য পরিষেবা

- ০১ আপনার রেজিস্ট্রীকৃত মোবাইল নম্বর থেকে টোল ফ্রি নম্বর ১৮০০-১০২-৩১৪১ - এ ফোন করুন।
- ০২ 'অন্যান্য পরিষেবা' র জন্য ৯ টিপুন।
আপনার অতীতে গ্রহণ করা পরামর্শ শুনতে
 - আমাদের বিশেষজ্ঞদের সাথে করা অতীতে রেকর্ড করা তিনটি কথোপকথন শুনতে ১ টিপুন।**উত্তম চাষ পদ্ধতি শুনতে অথবা বেকর্ড করতে**
 - রেকর্ডের জন্য বা চাষ পদ্ধতিগুলি শুনতে ২ টিপুন
 - আপনার সহচাষী বন্ধুদের দ্বারা রেকর্ড করা ভাল চাষ পদ্ধতিগুলি শুনতে ১ টিপুন
 - আপনার সহচাষী বন্ধুদের আপনার উন্নততর চাষ পদ্ধতিগুলির অভিজ্ঞতা জানাবার জন্য রেকর্ড করতে ২ টিপুন

আপনার রেজিস্ট্রীকৃত মোবাইল নম্বর এবং রেজিস্ট্রেশন আইডি জানতে :

আপনি ০২২-৪০৪৬-৩১৪৬ অথবা ০২২-৬৮৫২-৩১৪৬ নম্বরে মিসড কল করুন। তৎক্ষণাত্ আপনার মোবাইলে, মৎস্য বার্তায় আপনার রেজিস্ট্রীকৃত মোবাইল নম্বর ও রেজিস্ট্রেশন আইডি এস এম এস এর মাধ্যমে জানানো হবে।